

ভলেন্টিয়ারদের সপ্তাহ: ধন্যবাদ জানানোর সময়

জাতীয় ভলেন্টিয়ারদের সপ্তাহ (১ -৭ জুন) হচ্ছে ভলেন্টিয়ারিং বা স্বেচ্ছাসেবার বার্ষিকী উদযাপন: এই সপ্তাহ উৎসর্গ করা হয়েছে সকল ভলেন্টিয়ারদের জন্য, তাদের সময়, কর্মশক্তি, প্রতিশ্রুতি, মান এবং দক্ষতার কৃতজ্ঞতা প্রকাশ করার উদ্দেশ্যে।

প্রতিবছর আমাদের স্থানীয় এলাকায় সাহায্য করার জন্যে ভলেন্টিয়ার'রা হাজারো ঘণ্টা ব্যয় করেন। কিন্তু এই বছর - কোভিড-১৯ এর কারণে - ভলেন্টিয়ারিং এর প্রতি এমন ভাবে মনোযোগ আকর্ষণ করা হচ্ছে, যা আগে কখনো করা হয়নি।

অন্যকে সাহায্য করার উদ্দেশ্যে, আজ কয়েক মাস ধরে, বিপুল সংখ্যায় মানুষ এগিয়ে আসছেন। তাদের মধ্যে অনেকেই নিজেদেরকে ভলেন্টিয়ার মনে করছেন না।

বর্তমানের মহামারী সময় যারা সাহায্য করার উদ্দেশ্যে এগিয়ে এসেছেন (তাদের মধ্যে কেউ কেউ হয়তো এখনো তাদের প্রতিভা বিকাশের অপেক্ষায় আছেন), তাদের থেকে শুরু করে, যারা প্রতিনিয়ত, বহু বছর ধরে ভলেন্টিয়ারিং করে আসছেন এবং যারা নিজেকে আলাদা (সেল্ফ আইসোলেট) রাখার জন্য অথবা অন্যের প্রতি যত্নশীল ভূমিকা পালন করার উদ্দেশ্যে, ক্ষণস্থায়ী ভাবে তাদের ভলেন্টিয়ারিং স্বগিত রেখেছেন, তাঁদের সহ।

ভলেন্টিয়ার এর সপ্তাহ হচ্ছে সেই সময়, যে সময় আমরা আমাদের সমাজে ভলেন্টিয়ারদের অমূল্য প্রভাবের স্বীকৃতি দিতে পারি। অল্প আকারের মিউচুয়াল এইড গ্রুপগুলো, যারা স্থানীয় ভাবে অনেক প্রয়োজনীয় সাহায্য প্রদান করছেন, তাদের থেকে শুরু করে, সেইসব হাজারো স্বেচ্ছাসেবী ও সামাজিক গ্রুপগুলো এবং জাতীয় সংস্থা ও প্রোগ্রাম আছে, তাঁদের সহ। এই কঠিন সময়ে, সব ধরনের ভলেন্টিয়ার আমাদের স্থানীয় এলাকাকে চালিয়ে যেতে সাহায্য করেছে।

অন্যান্য বছর-গুলোয়, এই সপ্তাহকে কফি মর্নিং, টি পার্টি এবং পুরস্কার বিতরণ অনুষ্ঠানের মাধ্যমে সনাক্ত করা হয়েছে। যদিও ২০২০ সালে এই অনুষ্ঠানগুলো নীরব থাকবে, তবুও পুরো সাসেক্স জুড়ে বিভিন্ন সংস্থা, এই সুযোগে তাদের গুরুত্বপূর্ণ স্বেচ্ছাসেবক কর্মীদের কার্যত প্রশংসা প্রকাশ করবে।